দৈনিক বাংলা

তারিখ ১৪।১।৮২

পৃষ্ঠা কলাম

শিক্ষা মন্ত্রণালয়ের কর্মকর্তাদের সাথে টি এইচ খানের বৈঠক

তথ্য, বেতার, ক্রীড়া, সংস্কৃতি ও শিক্ষামন্ত্রী বিচারপতি জনাব টি এইচ খান শনিবার তাঁর দফতরে শিক্ষা মন্ত্রণালয়ের কর্মকর্তাদের সঙ্গে এক বৈঠকে মিলিত হন। এই বৈঠকে মন্ত্রণালয়ের অঙ্গ বিভাগ ও পরিদফতরের প্রধানরাও উপস্থিত ছিলেন।

মন্ত্রী জাতির সর্বাধিক কল্যাণের উদ্দেশ্যে শিক্ষা নীতি ও পরিকল্পনার যথাযথ বাস্তবায়নের জন্য শিক্ষা ব্যবস্থা সুষ্ঠু করার আহ্বান জানান।

জনাব খান শিক্ষা মন্ত্রণালয়কে সরকারের একটি মর্যাদাসম্পন্ন মন্ত্রণালয় বলে আখ্যায়িত করেন এবং যাতে এই মন্ত্রণালয় জাতির জন্য দয়া

(শেষ পৃঃ ২-এর কঃ দ্রঃ)

শিক্ষা মন্ত্রণালয়

(প্রথম পৃঃ পর)

হয়ে না উঠে সম্পদ হয়ে উঠতে পারে, তার জন্য কর্মকর্তাদের গুরুত্বপূর্ণ ভূমিকা গ্রহণ করতে বলেন।

এক তথ্য বিবরণীতে বলা হয়, শিক্ষা ব্যবস্থার কাজে বাধা হয়ে উঠছে এমন কিছু সমস্যা সমাধানের জন্য কর্মকর্তাদের কিছু কিছু সুপারিশের তিনি প্রশংসা করেন।

জনাব খান কর্মকর্তাদের বাস্তবধর্মী ও প্রকৃত কাজে তাঁর পূর্ণ সহযোগিতার আশ্বাস দেন।

শিক্ষা ব্যবস্থা, রাজস্ব ও তহবিলের পত্র এবং ব্যয়ের খাত সম্পর্কে মন্ত্রী অবহিত হন।

900